# নৈতিকতা কমিটির সভার **কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সময় | : | দুপুর ০২:০০ থেকে দুপুর ০৩:০০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ০৫/০৩/২০২৩ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভাপতি মহোদয় জুমের মাধ্যমে ২২/০২/২০২৩ এ কেন্দ্রীয় দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় আলোচিত বিভিন্ন বিষয়সমূহ সভাকে অবহিত করেন এবং কতিপয় বিষয়ে ব্যাখ্যা করেন যার মধ্যে উল্লেখযোগ্য ছিল সেবা সপ্তাহ ২০২৩ উদযাপন। তিনি জানান যে, ৩য় কোয়ার্টারে সিলেট আঞ্চলিক অফিসের শুদ্ধাচার সম্পর্কিত কোন প্রশিক্ষণ সিডিউলে নাই। ২য় ও শেষ প্রশিক্ষণটি মে ২০২৩ এ অনুষ্ঠিত হবে। ৩য় কোয়ার্টারের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা গত ২০ ফেব্রুয়ারি ২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া ২৭-৩০ মার্চ ২০২৩ এ অত্র অফিসে সেবা সপ্তাহ অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান যে, কেন্দ্রীয় দপ্তর হতে প্রেরিত সেবা সপ্তাহ উদযাপন গাইডলাইন অনুসারে সিলেট আঞ্চলিক অফিসে সেবা সপ্তাহ উদযাপন করা হবে। সেবা সপ্তাহের উল্লেখযোগ্য কার্যক্রম হবেঃ পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে সকলকে অবহিকরণ; ফ্রন্ট ডেস্ক স্থাপন; লিফলেট-ব্রোসিয়ার, মাষ্টার প্ল্যান, গবেষণা প্রতিবেদন ইত্যাদি প্রদর্শন; মন্তব্য রেজিস্ট্রার; দর্শণার্থীদের আপ্যায়ন ইত্যাদি। সেবা সপ্তাহ ভালভাবে পালনের লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। সভায় অন্যান্য আলোচনার পর সর্বসম্মতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

১। ২৭-৩০ মার্চ ২০২৩ সেবা সপ্তাহ অনুষ্ঠিত হবে। সেবা সপ্তাহ উদযাপনে কেন্দ্রীয় দপ্তরের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০২.৯৯.০০৫.১৭.৪০; তারিখঃ ২০ ফেব্রুয়ারি ২০২৩ অফিস আদেশ এ প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হবে।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 05/03/2023

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০২৯৯-৬৬৩৬৬৩৩

সংযুক্ত-ক

**০৫/০৩/২০২৩ ইং তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা**

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 05/03/2023 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ০৫/৩/২০২৩ |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [illegible] ০৫/০৩/২০২৩ |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] ০৫/০৩/২০২৩ |